[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তীব্র নিন্দা জানিয়েছে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। তিনি বলেছেন, ১০ ডিসেম্বর ঢাকা ডাকা বিএনপির সমাবেশ বাঞ্চাল করার জন্য দেশব্যাপি বিএনপি নেতা কর্মীদের বাড়ি বাড়ি পুলিশী তল্লাশীসহ গ্রেফতার ও সাজানো মামলা দিচ্ছে। অবিলম্বে এই সাজানো মামলা থেকে তাদের অব্যহতি দেওয়ার দাবী জানান তিনি।

গাংনীতে প্রাক্তন সৈনিক সংস্থার জমি মালিকানা দাবীতে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে প্রাক্তন সৈনিক সংস্থার কার্যালয়ের জমির মালিকানা নিয়ে চল রশ্মিটানাটানি। জমির মালিকা দাবী করে সংবাদ সম্মেলন করেছেন সাবেক সেনা সদস্য কাজিম উদ্দীনের বড় ছেলে মোঃ সেলিম রেজা। শনিবার দুপুরে বাঁশবাড়িয়ার সন্নিকটে স্থাপিত সৈনিক সংস্থার পুরাতন কার্যালয়ের সমনে সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মোঃ সেলিম রেজা।

লিখিত বক্তব্যে জানান, গাংনীর বাশবাড়িয়াস্থ পৌর এলাকার পলাশীপাড়া সংস্থার প্রধান কার্যালয়ের পুর্বপার্শ্বে প্রাক্তন সৈনিক সংস্থা নামে একটি সংগঠন ছিল। যার সভাপতি ছিলেন আমার বাবা সাবেক সেনা সদস্য মোঃ কাজিম উদ্দীন। এ সংস্থার শুরুতে সদস্যদের মাসিক ৫০ টাকা চাঁদা সঞ্চয় করা হতো। ২০০১ সাল পর্যন্ত আনুমানিক ৫০/৬০ হাজার টাকা সঞ্চয় হয়। এই ৫০ হাজার টাকার সাথে আমার পিতা আরও ৫০ হাজার টাকা ধার হিসেবে দিয়ে এই জমিটি ক্রয় করেন। যা সংস্থার নামে রেজিস্ট্রি হয়।

পরবর্তীতে ২০০৩/২০০৪ সালের দিকে সংস্থার কার্যক্রম অকার্যকর হয়ে পড়ে। সদস্যদের অনেকে সংগঠন থেকে নিজেকে সরিয়ে নেয়। ধারের টাকা ফেরত পেতে আমার পিতা বিপাকে পড়েন। এমন পরিস্থিতিতে সংস্থার এই জমি বিক্রি করে আমার বাবার ধারের টাকা ও সদস্যদের সঞ্চয় ফেরত এবং সংস্থার উন্নয়নের সিদ্ধান্ত হয়। জমি বিক্রি করে একটি ভাড়া বাসায়

বলেন, এটি একটি সংগঠনের জমি। যেখানে একটি অফিস রয়েছে এবং আমরা যারা প্রাক্তন সৈনিক রয়েছি তারা সাংগঠনিক কার্যকলাপ এখানে বসেই করি। সংগঠনের একটি কার্যালয় বিক্রি করে খেতে হবে এমন অভাবগ্রস্থ মানুষ আমরা নই। বরং কিছু ভুয়া কাগজপত্র তৈরী করে কার্যালয়ের জমি ও ঘর নিজের বলে দাবী করছেন। তিনি আরো বলেন আমাদের স্বাক্ষর জালিয়াতি করা হয়েছে। আমরা আইনগত ভাবেই এর জবাব দেব।

গাংনীতে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃত আসামিরা হলেন, মাদক মামলার অভিযোগে গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের সামস উদ্দীনের ছেলে খায়বার আলী, পলাশীপাড়া গ্রামের আজিজুল হকের ছেলে সেন্টু, নারী ও শিশু নির্যাতন মামলার আসামি ধানখোলা গ্রামের রেজাউল হকের ছেলে ওসমান, আদালতের পরোয়ানাভূক্ত সিআর ৪৩৭/১৯ মামলার পরোয়ানাভূক্ত আসামি গাঁড়াবাড়িয়া গ্রামের ইব্রাহিমের ছেলে ফারিশুল, জিআর ১৩২/১৯ মামলার আসামি কাজীপুর গ্রামের আলমগীর হোসেনের ছেলে আকাশ, নারী ও শিশু নির্যাতন আইনের বি ৭(৩০) ধারার মামলা নং ০১, তারিখ ২/১১/২২ মামলার আসামি কসবা গ্রামের মনোয়ার হোসেনের ছেলে সবুজ ও নিয়মিত মাদক মামলার আসামি পলাশীপাড়া গ্রামের আজিজুল হকের ছেলে রাশেদুল ইসলাম।

এদের মধ্যে মাদক মামলার তিন আসামি রাশেদুল ইসলাম, সেন্টু ও খায়বার আলীকে বিজিবি মাদকসহ আটক করেছে।

শুক্রবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশ ও বিজিবি সদস্য অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (৩ ডিসেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সম্পাদক মাহাবুব আলম

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবের দ্বিবার্ষিক নির্বাচন ২০২২ সম্পন্ন হয়েছে। এতে বিজয় টিভি ও দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা সভাপতি ও মাইটিভি ও বণিক বার্তার জেলা প্রতিনিধি মাহাবুব আলম সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন। আজ বৃহষ্পতিবার এ নির্বাচন সম্পন্ন হয়েছে।

প্রেসক্লাবের নির্বাচনের ফলাফল ঘোষণা করেন নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি আল আমিন হোসেন। নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট শফিকুল আলম, নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব রফিকুল আলম।

নির্বাচনে প্রেসক্লাবে ৯ সদস্য বিশিষ্ট কার্যকরি কমিটির নাম ঘোষণা করা হয়। অন্যান্য সদস্যরা হচ্ছেন- সহ-সভাপতি মজনুর রহমান আকাশ, যুগ্ম সম্পাদক জুরাইস ইসলাম, কোষাধ্যক্ষ তাহেরুল ইসলাম তপন, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, দপ্তর সম্পাদক জিনারুল ইসলাম দিপু, নির্বাহী সদস্য নুহু বাঙ্গালী ও হাবিবুর রহমান। নির্বাচনে বিজয়ীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন জেলা উপজেলা বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

নির্বাচনী ফলাফল ঘোষণার পর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন,সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, দৈনিক মেহেরপুর প্রতিদিন

পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক আকতারুজ্জামান প্রমুখ।

আবারও উত্তপ্ত গাংনীর রাজনীতি

বেশকিছুদিন স্বাভাবিক থাকলেও গত সোমবার রাত থেকে গাংনী উপজেলা শহরের রাজনীতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে। গাংনী উপজেলা শহরের সরকারি মৎস্য হ্যাচারির মধ্যে বিস্ফোরণ ও তিনটি ককটেল উদ্ধারের ঘটনা এবং উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রদলের সভাপতিসহ দলের সহযোগি সংগঠনের ১১ নেতা কর্মীকে এজাহার নামীয় ও ১৫/২০ জনকে অজ্ঞাতনামা আসামি করে একটি মামলা হয়েছে। এনিয়ে নতুন করে বিএনপি ও আওয়ামী লীগের রাজনীতিতে নতুন করে উত্তেজনা শুরু হয়েছে।

গতকাল মঙ্গলবার ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ধারা ১৫(৩)২৫-৯ তৎসহ ৩/৪/৬ ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনে মামলাটি দায়ের করা হয়। মামলা নং ৩২, তারিখ ২৯/১১/২০২২ ইং।

গতকাল মঙ্গলবার দুপুরে মামলাটি দায়ের করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি মো: শাহিদুজ্জামান শিপু।

বিস্ফোরণ ও ককটেল উদ্ধারের পরপরই সোমবার রাতে গাংনী পৌর যুবদলের সভাপতি ও গাংনী পৌর সভার সাবেক প্যানেল মেয়র সাহিদুল ইসলামকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশ।

মামলায় এজাহার নামীয় আসামিরা হলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু (৫০) ও তার ভাই মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হক (৩৫), গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস (৪২), পৌর যুবদলের সভাপতি সাবেক প্যানেল মেয়র সাহিদুল ইসলাম (৪৫), গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক বিপ্লব হোসেন (৩০), পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু (৪৫), সাবেক ছাত্রদল নেতা গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামের কামরুল ইসলাম (৩৬), সাবেক ছাত্রনেতা ইমন আহমেদ (৩৫), যুবদল নেতা মনিরুজ্জামান

মনি (৩৩), যুবদল নেতা কাজল আলী(৩৮) ও যুবদল নেতা মহিলা কলেজ পাড়া এলাকার সুমন ওরফে এ্যাডাম(৩২)।

মামলার ঘটনায় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বলেন, সারা দেশের বিভাগীয় সমাবেশগুলোতে মানুষের উচ্ছাস ও উপস্থিতি দেখে সরকার আতংকিত। আগামি ১০ ডিসেম্বর ঢাকার মহাসমাবেশকে বাধাগ্রস্থ করতেই সরাকরি দলের নেতা কর্মী ও পুলিশ যৌথভাবে ককটেল উদ্ধারের নাটক সাজিয়েছে। তারা মিথ্যা মামলা, হামলা ও নেতা কর্মীদের গ্রেফতার করে বিএনপির আন্দোলন সংগ্রাম বন্ধ করতে চাই। তাদের এই মিথ্যা নাটক দেশবাসি জানে এবং বোঝে। এভাবে নাটক সাজিয়ে দেশের ক্ষমতা আঁকড়ে ধরে রাখা যাবেনা। তিনি অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার ও আটক যুবদল সভাপতি সাইদুল ইসলামের নি:শার্ত মুক্তি দাবী করেন।

এব্যাপারে মামলার বাদী সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু বলেন, মিটিং মিছিল ও সমাবেশ করা সব রাজনৈতিক দলের অধিকার আছে। কিন্তু মিটিং মিছিলের আড়ালে বিএনপি যদি সন্ত্রাসীমুলক কর্মকান্ড বা ছাত্রলীগের উপর হামলা করে প্রাণ নাশের চেষ্টা করে। সেটাতো ছেড়ে দেওয়া যাবেনা। তিনি বলেন বিএনপি ও তাদের সহযোগী সংগঠণের নেতা কর্মীরা সন্ত্রাসী। এর আগেও ছাত্রলীগের মিছিলে তারা হামলা করেছে। আমরা তখন তাদের ছাড় দিয়েছি। কিন্তু গত সোমবার রাতের মিছিলেও সেই পূনার্বৃতি ঘটিয়েছে তারা। ছাত্রলীগের মিছিলে বোমা হামলা করে প্রাণ নাশের চেষ্টা করেছে। আমিসহ ছাত্রলীগের নেতা কর্মীরা তাদের সেই হামলা ব্যার্থ করে দিয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, একটি বোমার বিকট শব্দে বিস্ফোরণ এবং বোমা উদ্ধারের পরই আমি এ ঘটনার তথ্য জানতে পারি। আমি শুনেছি, মিছিল থেকে বিএনপির ২/৩ টা ছেলেকে ধাওয়াও করেছে। আগামী ১০ ডিসেম্বর বিএনপি সরকার পতনের আন্দোলনের ডাক দিয়েছে। তারা এখন থেকেই বিভিন্ন স্থানে অপকর্ম করে দেশের মানুষকে আতংকিত করতে চাই। সেই ধারাবাহিকতায় তারা ছাত্রলীগের মিছিলে বোমা বা ককটেল হামলা চালাতে পারে। অকারণে কেউ কোনো অকারেন্স করলে সেই দায় তারা স্বীকার করতে চাইনা। তবে, কয়েকদিন অপেক্ষা করলে পুলিশের তদন্তেই বেরিয়ে আসবে আসল ঘটনা।

গত সোমবার (২৮ নভেম্বর) দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার শহরের পরিত্যক্ত সরকারি মৎস্য খামারের মধ্যে একটি বিস্ফোরণ ঘটে।

পরে গাংনী থানা পুলিশের একটি টিম পরিত্যক্ত সরকারি মৎস্য হ্যাচারির মধ্যে অভিযান চালিয়ে লালকসটেপ মোড়ানে তিনটি ককটেল উদ্ধার করে। এঘটনার পরপরই পুলিশ এবং নেতা কর্মীরা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলার বাড়িতে রেড দেন। তবে মকবুল হোসেন মেঘলা ঢাকা থেকে নিজের ফেইসবুকে লাইভ দিয়ে সে ঢাকায় আছে বলেন জানান দেন।

গাংনীতে টেকসই তুলা উন্নয়নে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীতে টেকসই তুলা উন্নয়ন প্রকল্পের উদ্যোগে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৯ নভেম্বর) বিকেল ৩টার দিকে উপজেলার চর-গোয়ালগ্রাম গ্রামের সাহেবের আমবাগানে এই কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

টিএমএসএস আইইএস সেক্টর -এর বাস্তবায়নে প্রাইমার্ক , কটন কানেক্টের অর্থায়নে এবং তূলা উন্নয়ন বোর্ড এর সহযোগিতায় তূলা চাষিদের অংশগ্রহণে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

কৃষক মাঠ দিবসের আলোচনা সভায় চর -গোয়ালগ্রামের তুলা চাষী শহিদুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন প্রধান তুলা উন্নয়ন কর্মকতার্ সেন দেবাশীষ।

ফিল্ড এক্সিকিউটিভ মঈনূল ইসলাম কাজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বামন্দী কটন ইউনিট অফিসার আহম্মদ হোসেন , খলিসাকুন্ডি কটন ইউনিট অফিসার (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল মামুন , উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের বিশেষ প্রতিনিধি উপ সহকারী কৃষি কর্মকতার্ রাসেল আহম্মেদ ও জিনার প্রতিনিধি (কুষ্টিয়া) রাকিবুল ইসলাম।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন , কটন কানেক্টের ফিল্ড এক্সিকিউটিভ সাব্বির আহম্মেদ , রাজু আহম্দে ও রেজাউল করীম প্রমুখ।

মাঠ দিবসের আলোচনায় তুলা চাষীদের আর্থ সামাজিক উন্নয়নে করণীয় বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। অন্যান্য চাষের পাশাপাশি লাভজনক তুলা চাষের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হয় ।

প্রধান অতিথি বলেন,পরিবারের শিক্ষা, স্বাস্থ্য ও পারিবারিক উন্নয়ন নিয়ে তুলা চাষের শুরু থেকে শেষ পর্যন্ত কৃষকদের সাথে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে ফিল্ড এক্সিকিউটিভগণ সব সময় কৃষকদের পাশে থাকে। কৃষকদের তুলা চাষে উদ্বুদ্ধ করতে টিএমএসএস,প্রাইমার্ক- কটন কানেক্ট এর ফিল্ড িএ্ক্সকিউটিভদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানানো হয়।

১৪০/১৫০ জন তুলা চাষীদের অংশ গ্রহনে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত চাষীদের মাঝে প্রাইমার্কের সৌজন্যে একটি করে টি- শাট গেঞ্জি প্রদান করা হয়।

গাংনীতে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার

নারী ও শিশু নির্যাতন, চুরি, মারামারি ও বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা মামলায় ৬ আসামি গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

এরা হলেন, বাড়ি ঘর ভাঙচুর ও মারামারি অভিযোগে দায়ের করা মামলা নং ৩১, তারিখ ২৮/১১/২০২২ এর অভিযুক্ত আসামি গাংনী উপাজেলার হাড়াভাঙ্গা গ্রামের সোলাইমান হোসেনের ছেলে সেলিম রেজা, আব্দুল হালিম, আব্দুল্লাহ আল হাসিব সরব, এই উপজেলার নারী ও শিশু নির্যাতন দমণ আইন মামলা নং ৩০, তারিখ ২৭/১১/২০২২ এর আসামি ঝোড়পাড়া গ্রামের সাহাবুল ইসলামের ছেলে মুসফিকুর রহমান টোকন, গাংনী থানার চুরির মামলা নং ১৫. তারিখ ১১/১১/২২ ইং এর আসামি গাংনী মহিলা কলেজপাড়া এলাকার আবুল কালামের ছেলে শান্ত, এছাড়া বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা মমলায় গাংনী পৌর সভার সাবেক কাউন্সিলর ও যুবদলের গাংনী উপজেলা শাখার আহবায়ক সাইদুল ইসলামকে গ্রেফতার করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গ্রেফতারকৃত আসামিদের মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে চুরি করতে গিয়ে তিন নারী আটক, পুলিশে সোপর্দ

গাংনী নিক্সন মার্কেটে চুরি করার সময় তিন নারী পকেট মারকে হাতে নাতে আটক করে পুলিশের দিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা।

এরা হলেন, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার মানিক গ্রামের মৃতু হিরু প্রামাণিকের মেয়ে স্বামী পরিত্যক্ত নাসিমা খাতুন (৪৫), মাগুরার মোহাম্মদপুর থানার চর পাকুড়িয়া গ্রামের মাহাবুব শেখের স্ত্রী পলি বেগম (৩৮) ও মাগুরা সদর উপজেলার হাজরাপুর বারোমাইল গ্রামের সহিকুল ইসলামের স্ত্রী আছিয়া বেগম (৪০)।

আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের পুরাতন কাপড়ের (নিক্সন মার্কেট) বাজারে জনৈক নারীর ভ্যানিটি ব্যাগের মধ্যে থেকে ২ হাজার টাকা চুরি করার সময় হাতে নাতে ধরা পড়ে। পরে তাকে গাংনী থানা পুলিশে সোপর্দ করা হয়।
তবে, পলি ও নাসিমা খাতুন বলেন, আমাদের স্বামীর অসুস্থ। তাই, আমরা কুষ্টিয়াতে বাসা ভাড়া নিয়ে এক সাথে থাকি। বিভিন্ন এলাকায় হাত পেতে টাকা চেয়ে নিই। আমরা চুরি করিনা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন,

বেশ কিছুদিন থেকে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে ও পুরাতন কাপড়ের বাজারে নারীদের ভ্যানিটি ব্যাগ থেকে টাকা চুরির ঘটনা ঘটে। পুলিশও তাদের সনাক্ত করার চেষ্টা করছিল।
এঘটনায় কয়েকজন ভুক্তভুগী নারী তাদের বিরুদ্ধে মামলা দিয়েছে। আগামিকাল আটক তিন নারীকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

গাংনীতে ককটেল বিষ্ফোরণ, উত্তেজনা ; যুবদল নেতা আটক

মেহেরপুর গাংনী শহরে ককটেল বিষ্ফোরণ এবং অবিষ্ফোরিত তিনটি ককটেল উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় বিএনপি নেতাকর্মীদের দায়ী করে তাদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। তবে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হচ্ছে বলে জানিয়েছেন বিএনপি নেতৃবৃন্দ। সোমবার রাত সাড়ে আটটার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনার পরপরই সাবেক কাউন্সিলর ও উপজেলা যুবদলের আহবায়ক সাইদুর রহমানকে আটক করেছে পুলিশ।
গাংনী থানা ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গাংনী উত্তরপাড়ায় অবস্থিত সরকারি পরিত্যক্ত একটি মাছের হ্যাচারির পাশে বিষ্ফোরণের খবর পেয়ে পুলিশ সেখানে যায়। এসময় একটি ব্যাগ থেকে ৩টি ককটেল উদ্ধার করা হয়। ককটেল বিষ্ফোরণের বিকট শব্দ পাওয়া গেলেও ঘটনাস্থলে বিষ্ফোরণের কোন আলামত পাওয়া যায়নি। এদিকে ছাত্রলীগের পক্ষ থেকে এ ঘটনায় বিএনপি নেতাকর্মীদের দায়ী করে শহরের বিক্ষোভ মিছিল করা হয়েছে। বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান সিপুর ব্যক্তিগত কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন ছাত্রলীগ নেতৃবৃন্দ।
সাবেক ছাত্রনেতা সাহিদুজ্জামান সিপু বিএনপির দিকে অভিযোগ তুলে বলেন, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা রাতে গাংনী শহরে একটি মিছিল বের করে। বাস স্ট্যান্ড এলাকায় মিছিলটি পৌঁছুলে বিএনপি নেতাকর্মীরা তাদের উপর হামলা করে। ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা প্রতিরোধ করলে তাদের লক্ষ্য

করে দুটি ককটেল নিক্ষেপ করা হয়। ককটেল দুটি বিকট শব্দে বিষ্ফোরিত হয়। হামলাকারী বিএনপি নেতাকর্মীদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি করেন তিনি।

বিক্ষোভ মিছিলে আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রলীগ সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, শ্রমিক লীগ নেতা মনিরুজ্জামানসহ নেতৃবৃন্দ।

এদিকে ছাত্রলীগের অভিযোগ মিথ্যা দাবি করে গাংনী উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, বিএনপি নেতা এডাম ও জামাল বাজার থেকে বাড়ি যাওয়ার সময় ছাত্রলীগের নেতাকর্মীদের কয়েকজন তাদের ধাওয়া করে। তারা পালিয়ে যায়। অথচ উল্টো বিএনপি নেতাকর্মীদের নামে মিথ্যা অভিযোগ করা হচ্ছে। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান তিনি।

এদিকে বিষ্ফোরণের স্থান পরিদর্শন করেছেন গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও র্যাব-১২ গাংনী ক্যাম্পের একটি টিম।

এ বিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, অবিষ্ফোরিত তিনটি বোমা প্রাথমিকভাবে নিষ্ক্রিয় করে থানা হেফাজতে নেওয়া হয়েছে। ককটেল রাখা ও বিষ্ফোরণের সাথে কারা জড়িত তা তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে স্বাস্থ্য বিভাগের অভিযানে রোহান বিড়ি জব্দ

গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামে বিভিন্ন দোকানে অভিযান চালিয়ে পুরাতন স্বাস্থ্য সম্বলিত বিপুল পরিমান রোহান বিড়ি জব্দ করেছে মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য বিভাগ।

সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১ টার দিকে গাংনী উপজেলার গাড়াবাড়িয়া বাজারে রুবেল স্টোর, আবু সাঈদ স্টোর, আকাশ-অয়ন

স্টোর এবং মেসার্স নিপা এন্টারপ্রাইজ অভিযান চালিয়ে এই বিড়ি জব্দ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম এই অভিযান পরিচালনা করেন।